

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ২১, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ০৪ শ্রাবণ ১৪৩০/১৯ জুলাই ২০২৩

নং ১২.০০.০০০০.০২৬.৪০.০০১.২৩.২১৪—আদিষ্ট হয়ে সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ৭ ধারায় অর্পিত ক্ষমতাবলে গত ০৬-০৭-২০২৩ তারিখে অনুষ্ঠিত জাতীয় সার প্রমিতকরণ কমিটির সভার সিদ্ধান্ত/সুপারিশের (২.৮ নং) পরিপ্রেক্ষিতে “ATONIK” নামীয় Plant Growth Regulator (PGR) এর আমদানিকারী প্রতিষ্ঠান ACI Formulations Limited, 245, Tejgaon Industrial Area, Dhaka-1208. এর অনুকূলে নিম্নবর্ণিত বিনির্দেশ ও শর্তাবলির আলোকে এতদ্বারা সরকার কর্তৃক অনুমোদন প্রদান করা হল:

১. বিনির্দেশ

Name of the Product : ATONIK

(শুধুমাত্র টেঁড়শ ফসল উৎপাদনের জন্য ব্যবহার করা যাবে)

Physical Condition : Liquid

Colour : Dark Brown

Solubility : Soluble in water (99.4%)

pH : 7.5-9.5 (20°C)

Active Ingredient : Sodium 5-Nitroguaiacolate-0.10%

Sodium 0-Nitrophenolate -0.20%

Sodium P- Nitrophenolate -0.30%

(১১১০৭)

মূল্য : টাকা ৪.০০

২. শর্তাবলি :

- ক) দ্রব্যটির বস্তার গায়ে সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ধারা ১৩(১) এবং সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন, ২০০৯ অনুযায়ী সারের লেবেল লাগাতে হবে;
- খ) লেবেলে নিম্নবর্ণিত তথ্যাদি স্পষ্টাক্ষরে ও সহজে দৃশ্যমানভাবে বাংলা বা ইংরেজিতে লিখতে হবে, যথা :—
- i) সারের নাম (ব্র্যান্ড নাম যদি থাকে সেটিও উল্লেখ করতে হবে);
 - ii) সারে বিদ্যমান আবশ্যিকীয় উদ্ভিদ পুষ্টি উপাদানের নাম এবং এর শতকরা হার;
 - iii) সারের নীট ওজন;
 - iv) প্রস্তুতকারকের নাম, ঠিকানা, নিবন্ধন নম্বর ও যে দেশে প্রস্তুতকৃত- সেই দেশের নাম;
 - v) নিশ্চয়তা বিশ্লেষণ (Guaranteed Analysis);
 - vi) উৎপাদন ও মেয়াদ উত্তীর্ণের তারিখ; এবং
 - vii) সর্বোচ্চ খুচরা মূল্য (MRP)।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব।